

ঢাকা ওয়াসা

- ১। অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনা (APP) ২০২৬-২৭ এর কপি।
২। ঠিকাদারের ডকুমেন্ট।
৩। ক্যালকুলেশন শীট
৪। প্রাক্কলন সীট।



বিষয়ঃ Construction of Water Line at Suna Mia Koborostan Goli, Sewrapa area DMA-411 under Mods Zone-4, Dhaka WASA কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

অনুচ্ছেদঃ ১.০

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মডস জোন-৪ এর আওতাধীন বেগম রোকেয়া স্মরণীয় পশ্চিম পার্শ্ব হতে বেড়ীবাধ পর্যন্ত সুবিশাল এলাকায় নগরবাসীকে ১৮৫ টি পানির পাম্প দ্বারা জনসাধারণকে নিরাপদ পানি সরবরাহ করা হয়। মডস জোন-৪ এর আওতাধীন ডি.এম.এ-৪১১ এর সোনামিয়া কবরস্থান গলি ও সিটি বাজার গলিতে লিকেজ হওয়াসহ সিটিকর্পোরেশন কর্তৃক স্টর্ম সুয়্যার/ড্রেনেজ লাইন স্থাপনের সময় এক্সকেভেটর দ্বারা বিভিন্ন ব্যাসের HDPE পানির লাইন ক্ষতিগ্রস্ত করে মাটির উপরে তুলে ফেলা, কেটে ফেলা সহ বিভিন্ন ভাবে পানির লাইনে সমস্যা হচ্ছিল। ফলে উক্ত গলিতে পানি সরবরাহ ব্যবস্থা অচল হওয়ায় এলাকায় পানির তীব্র সংকট সৃষ্টি হয়েছে। এলাকার পানি সরবরাহ ব্যবস্থা স্বাভাবিক করার জন্য জরুরী ভিত্তিতে সোনামিয়া কবরস্থান গলি ও সিটি বাজার গলিতে পানির লাইন স্থাপন করা প্রয়োজন। উল্লেখ্য যে, উক্ত এলাকার পানি সংকট নিরসনের জন্য এলাকাবাসী, জনপ্রতিনিধি, মডস জোন-৪ এর প্রতিনিধিসহ সাইট পরিদর্শন করা হয় এবং পানির লাইন নির্মাণের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়।

অনুচ্ছেদঃ ১.১

আলোচ্য কাজটির সমৃদয় ব্যয়ভার মডস জোন-৪ এর ২০২৬-২০২৭ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার “পানির লাইন স্থাপন” খাতের ক্রমিক নং A(6) হতে নির্বাহ করা হবে (সংযুক্তি-১)। উল্লেখ্য বর্ণিত কাজ চলাকালীন সময়ে রাস্তা খননের ক্ষতিপূরণ দেওয়ার প্রয়োজন হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রাপ্ত ডিম্যান্ড নোটের প্রেক্ষিতে রাস্তা কাটার ক্ষতি পূরণ বিল অত্র জোনের বার্ষিক কর্মপরিকল্পনার “পানির লাইন রক্ষণাবেক্ষণ” খাতের থোক বরাদ্দ H(61) হতে ব্যয় নির্বাহ করা হবে। আলোচ্য কাজটি পি.পি.আর-২০২৫ এর বিধি ৯৯ (১) অনুযায়ী সরাসরি চুক্তি পদ্ধতিতে ঠিকাদার অগ্নিলা ইঞ্জিনিয়ারিং এর মাধ্যমে করা যেতে পারে। উল্লেখিত কাজগুলি জরুরী ভিত্তিতে সম্পাদন করার লক্ষ্যে পি ডব্লিউ ডি এর ২০২২ সালের অনুমোদিত (২য় সংশোধিত) রেইট সিডিউল, পূর্বের অনুমোদিত দর এবং বাজার দর অনুযায়ী একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রাক্কলনের টাকার পরিমাণ দাঁড়িয়েছে ট. ২,৯৫,৪০৭.৬৭৭ (দুই লক্ষ পঁচানব্বই হাজার চারশত সাত দশমিক ছয় সাত সাত) টাকা মাত্র (সংযুক্তি-৪)। উল্লেখ্য যে, মডস জোন-৪ এর ২০২৬-২৭ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনায় আলোচ্য কাজটির অনুমোদনের ক্ষমতা Delegation of Financial Power (DoFP) অনুযায়ী তত্ত্বাবধায়ক প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

অনুচ্ছেদঃ ১.২


এমতাবস্থায়, Construction of Water Line at Suna Mia Koborostan Goli, Sewrapa area DMA-411 under Mods Zone-4, Dhaka WASA কাজটি বাস্তবায়নের নিমিত্তে নিম্নলিখিত প্রস্তাব অনুমোদন করা যেতে পারেঃ

(ক) প্রাক্কলিত ট. ২,৯৫,৪০৭.৬৭৭ (দুই লক্ষ পঁচানব্বই হাজার চারশত সাত দশমিক ছয় সাত সাত) টাকা মাত্র এর অনুমোদন।


(খ) কাজটির সমুদয় ব্যয়ভার মড্‌স জোন-৪ এর ২০২৬-২০২৭ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক কর্মপরিকল্পনার “পানির লাইন স্থাপন” খাতের ক্রমিক নং A(6) হতে নির্বাহের অনুমোদন।

(গ) কাজটি পি.পি.আর- ২০২৫ এর বিধি ৯৯ (১) অনুযায়ী সরাসরি চুক্তি পদ্ধতিতে ঠিকাদার অগ্নিলা ইঞ্জিনিয়ারিং এর মাধ্যমে সম্পন্ন করার অনুমোদন।


(ঘ) দরপত্র আহ্বান, মূল্যায়ন, চুক্তি সম্পাদন ও চুক্তি বাস্তবায়ন প্রক্রিয়া নির্বাহী প্রকৌশলী, মড্‌স জোন-৪ এর মাধ্যমে সম্পন্নের অনুমোদন।


০৭.০৭.২৬

তৌফিক হাসান
উপ-সহকারী প্রকৌশলী
মড্‌স জোন-৪, ঢাকা ওয়াসা।


taic
০৭-০৭-২০২৬

মোঃ কায়কোবাদ হোসেন
সহকারী প্রকৌশলী
মড্‌স জোন-৪, ঢাকা ওয়াসা



০৭/০৭/২০২৬

মোঃ এমদাদুল হক
নির্বাহী প্রকৌশলী
মড্‌স জোন-৪, ঢাকা ওয়াসা।

~~SE, MODS circle-2~~

~~EE, MODS Zone-4~~

০৬/০৭/২০২৬


০৬/০৭/২৬

প্রকৌশলী মোঃ শাহ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মড্‌স সার্কেল-২, ঢাকা ওয়াসা।